

## বাংলাদেশে গমের পাতার মরিচা রোগ/ব্লাস্ট রোগের পরামর্শ ২৮ ফেব্রুয়ারি -০৬ মার্চ ২০২৫

### সতর্কবার্তাঃ ০৪

#### মূলবার্তা

বাংলাদেশের রাজশাহী, রংপুর, ফরিদপুর, খুলনা এবং বরিশাল বিভাগের কিছু কিছু অঞ্চলে গমের পাতার মরিচা রোগের উপস্থিতি পরিলক্ষিত হয়েছে। বর্তমান আবহাওয়ার প্রেক্ষিতে বাংলাদেশের দক্ষিণাঞ্চলে গমের পাতা ও কাণ্ডে মরিচা এবং ব্লাস্ট রোগ সংক্রমণের অনুকূল পরিবেশ বিরাজ করছে।

#### পরামর্শ

বর্তমান আবহাওয়ার প্রেক্ষিতে বাংলাদেশের দক্ষিণাঞ্চলে গমের পাতার মরিচা রোগ এবং ব্লাস্ট রোগের সংক্রমণের বিস্তারের অনুকূল পরিবেশ বিরাজ করছে। আগামী ০৮-১৬ মার্চ এর মধ্যে দেশের কোথাও কোথাও হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে যার কারণে গমের ব্লাস্ট রোগের সংক্রমণের ঝুঁকি রয়েছে। দেশের দক্ষিণাঞ্চলের কৃষকদের গমের ব্লাস্ট রোগের সংক্রমণ নিয়ন্ত্রণে সতর্ক থাকতে হবে। রোগ সংবেদনশীল জাতের ক্ষেত্রে কৃষক ভাইদের বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

#### সুপারিশ

কৃষকের মাঠে গমের পাতার মরিচা রোগ পরিলক্ষিত হওয়ায় এবং ব্লাস্ট রোগের সংক্রমণের ঝুঁকি থাকায় প্রতিরোধক ব্যবস্থা হিসেবে কার্যকরী ছত্রাকনাশক অনুমোদিত মাত্রায় প্রয়োগ করতে হবে। প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিস অথবা বিডার্লিউএমআরআই এর অফিসে যোগাযোগ করুন।